সংবাদ সম্মেলন

আসন্ন বাংলাদেশ সরকারের ২০১৪-২০১৫ অর্থবছরের বাজেটে জনস্বাস্থ্য রক্ষায় তামাকের উপর উচ্চহারে কর চাই

আবুল বারকাত, পিএইচডি
অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রধান উপদেষ্টা (সম্মানীয়), এইচডিআরসি
ই-মেইল: info@hdrc-bd.com

স্থান: বেস্ট ওয়েস্টার্ন লা ভিঞ্চি হোটেল
তারিখ : ২ জুন, ২০১৪

HDRC

Bloomberg Philanthropies

CAMPAIGN for TOBACCO-FREE Kids

উপস্থাপন ক্রম

- ✓ তামাকজনিত মৃত্যু: বৈশ্বিক প্রেক্ষিত
- ✓ তামাকের অর্থনীতি: প্রেক্ষিত বাংলাদেশ
- ✓ তামাকের অর্থনীতি: প্রধান বিষয়সমূহ
- ✓ তামাক ব্যবহারের লাভ-ক্ষতি (Benefit-Cost)
- ✓ তামাক নিয়ন্ত্রণ আইন
- ✓ তামাকের কর, মূল্য ও চাহিদা
- ✓ তামাকের উপর কর বৃদ্ধির ফলাফল: জনস্বাস্থ্য, রাজস্ব, দারিদ্র্য, কর্মসংস্থান ও অবৈধ ব্যবসা
- ✓ সুপারিশ সমূহ

তামাকের অর্থনীতি ও কর-রাজস্ব নিয়ে গবেষণা কেনো ?

বৈশ্বিক প্রেক্ষিত

- ✓ প্রতি বছর ধূমপান (সিগারেট এবং বিড়ি) ও তামাকজাত অন্যান্য পণ্য ব্যবহারের কারণে ৬০ লক্ষ মানুষের অকালমৃত্যু ঘটে
- ✓ তামাকজাত পণ্য ব্যবহারের কারণে মৃত্যুর প্রায় ৭০% ঘটে নিম্ন ও মধ্য-আয়ের দেশসমূহে
- ✓ এইধারা চলতে থাকলে তামাকজাত পণ্য ব্যবহারের ফলে একবিংশ শতাব্দীতে আনুমানিক ১০০ কোটি মানুষের মৃত্যু ঘটবে
- ✓ তামাকজাত পণ্যের ব্যবহারে অপূরণীয় আর্থিক ক্ষতির (economic costs) ক্ষেত্রসমুহ: তামাকজাত পণ্যের ব্যবহারে যে সব রোগ হয়ে থাকে তার চিকিৎসার ব্যয় + এই সব রোগের কারণে উৎপাদনশীলতা হ্রাস + অকালমৃত্যু + ধূমপান জনিত পরোক্ষ আর্থিক ক্ষতি

তামাকের অর্থনীতি: প্রেক্ষিত বাংলাদেশ


- ✓ ৩০ বছর বা তার চেয়ে বেশি বয়সি মানুষদের ১০% তামাকজাত-পণ্য-ব্যবহার জনিত ৮ ধরণের রোগে ভূগে থাকেন
- ✓ মোট মৃত্যুর ১৬% ঘটে এসব রোগে; আর মোট মৃত্যুর ৯% প্রত্যক্ষভাবে তামাকজাত-পণ্য-ব্যবহারের কারণে ঘটে
- ✓ প্রতি বছর (২০০৪ সালের হিসাব অনুযায়ী), তামাকজাত পণ্য ব্যবহারের কারণে ৫৭,০০০ -এর বেশি সংখ্যক মানুষের মৃত্যু ঘটে (এদের প্রতি ৬ জনের মধ্যে ১ জনের বয়স ৩০ বছর ও তার বেশি)
- ✓ তামাক চাষের কারণে বছরে ৩০% বনভূমি উজাড় হয়। বনভূমি উজাড় হবার তীব্রতার নিরিখে বাংলাদেশের অবস্থান পৃথিবীর মধ্যে তৃতীয়

তামাকের অর্থনীতি: প্রেক্ষিত বাংলাদেশ *(...চলমান...)*

- ✓ বাংলাদেশ — পৃথিবীর মধ্যে অন্যতম সর্ববৃহৎ তামাকজাত পণ্য ব্যবহারকারী দেশ
- ✓ তামাকজাত পণ্যের ব্যবহার বিভিন্ন ধরণের: ধূমপান (ধোঁয়াযুক্ত) — সিগারেট, বিড়ি, হুক্কা; চিবিয়ে খাওয়া ও মুখে ব্যবহার (ধোঁয়াবিহীন) — জর্দা, সাদাপাতা (পানের সাথে), গুল, খৈনি ইত্যাদি
- ✓ ২০১২ সালের হিসাবে: ১০ কোটি ৭০ লক্ষ মানুষের মধ্যে ৪ কোটি ৬৩ লক্ষ — যাদের বয়স ১৫ বছর ও তার বেশি — তামাকজাত পণ্যে আসক্ত (ধূমপান ও অন্যান্য উপায়ে)
- ✓ ১৫ বছর ও তার বেশি বয়সিদের ৪৩% কোনো না কোনো ধরণের তামাকজাত পণ্যে আসক্ত — এদের মধ্যে পুরুষ ৫৮% এবং মহিলা ২৮.৭%
- ✓ ২৩% প্রাপ্ত বয়স্ক মানুষ ধূমপায়ী — এদের ২১% নিয়মিত ধূমপায়ী — পুরুষদের চেয়ে মহিলারা অনেক কম পরিমাণ ধূমপানে আসক্ত (৪৪.৭% ও ১.৫%)
- ✓ ২৭.২% প্রাপ্ত বয়স্ক (১৫+ বছর বয়সি) চিবিয়ে খাওয়া তামাকজাত পণ্য ব্যবহার করেন (২৬.৪% পুরুষ, ২৭.৯% মহিলা)
- ✓ ২০০৭ সালের হিসাবে: ৩.৯% বিদ্যালয়গামী শিশু-কিশোর — ১৩ থেকে ১৫ বছর বয়সি — তামাকজাত পণ্য ব্যবহার করে (এদের ২% ধূমপায়ী)

তামাকের অর্থনীতি: প্রেক্ষিত বাংলাদেশ *(...চলমান...)*

চিত্র ১: ধূমপান ব্যবহার হার, ১৯৯৫-২০০৯



Notes: Data are from the following surveys:
1995 - 10 and older, Bangladesh Bureau of Statistics
1997 - 10 and older, Bangladesh Bureau of Statistics
2004-5 - 15 and older, WHO
2009a - 15 and older, Global Adult Tobacco Survey
2009b - 15 and older, ITC-Bangladesh

তামাকের অর্থনীতি: প্রেক্ষিত বাংলাদেশ *(...চলমান...)*

সারণি ১: নারী ও পুরুষের মধ্যে বিভিন্ন ধরণের তামাকজাত পণ্যের ব্যবহার হার, ২০০৯


	মোট (%)	পুরুষ (%)	মহিলা (%)
যে কোনো ধরণের ধূমপান	২৩.০	৪৪.৭	১.৫
কারখানায় তৈরী সিগারেট	১৪.১	২৮.৩	০.২
হাতে বানানো সিগারেট	০.৪	০.৭	০.১
বিড়ি	১১.২	২১.৪	১.১
অন্যান্য	০.১	১.৭	০.৩
যে কোনো ধরণের চিবিয়ে খাওয়া/মুখে ব্যবহার (ধোঁয়াবিহীন)	২৭.২	২৬.৪	২৭.৯
জর্দা (পানের সাথে)	২৪.৩	২৩.৫	২৫.২
গুল	৫.৩	৫.৫	৫.১
সাদপাতা	১.৮	২.০	১.৬
খৈনি	১.৫	১.৯	১.২
অন্যান্য	১.৪	১.৬	১.২
যে কোন ধরণের তামাকজাত পণ্য ব্যবহার	৪৩.৩	৫৮	২৮.৭

সূত্র: জিটিএসএ ২০০৯

অনেক মানুষ একাধিক ধরণের তামাকজাত পণ্যের ব্যবহারে অভ্যস্থ

তামাকের অর্থনীতি: প্রেক্ষিত বাংলাদেশ *(...চলমান...)*


চিত্র ২: তামাকের ব্যবহার হারের সাথে শিক্ষার সম্পর্ক, ২০০৯



Source: GTSS, 2009.

তামাকের অর্থনীতি: প্রেক্ষিত বাংলাদেশ *(...চলমান...)*

চিত্র ৩: তামাকের ব্যবহার হারের সাথে সম্পদ মালিকানার সম্পর্ক, ২০০৯




Source: GTSS, 2009.

তামাকজাত পণ্যের ভোগ

- ✓ সিগারেট ও বিড়ির ব্যবহার (ভোগ) বাড়ছে
- ✓ বিড়ির ব্যবহার হার (ভোগ) জনসংখ্যা প্রবৃদ্ধির হারকে ছাড়িয়ে গেছে
- ✓ ১৯৯৭ থেকে ২০১০ সময়ের মধ্যে সিগারেটের ব্যবহার ৪০% বৃদ্ধি পেয়েছে – ৫ হাজার ৯০ কোটি শলাকা থেকে প্রায় ৭ হাজার ১৪০ কোটি শলাকা (বর্তমানে সম্ভবত ১১-১২ হাজার কোটি শলাকা)
- ✓ ১৯৯৭ থেকে ২০১০ সালের মধ্যে বিড়ির ব্যবহার ৮০% বৃদ্ধি পেয়েছে – ৪ হাজার ৩০০ কোটি শলাকা থেকে ৮ হাজার ১০০ কোটি শলাকা (তবে সম্ভবত ২০১০-এর পর থেকে কমেছে)

তামাকের অর্থনীতি: প্রেক্ষিত বাংলাদেশ *(...চলমান...)*

চিত্র ৪: সিগারেট ও বিড়ির ভোগ (মোট শলাকা), ১৯৯৭-২০১০




Source: Euromonitor, 2011 and official statistics.

গত কয়েক বছর ধরে বিড়ির ভোগ প্রবণতা কমছে। বিড়ি প্রস্তুতকারী কোম্পানিদের মতে ২০১২ সালে বিড়ির মোট ভোগ ৫ হাজার কোটি শলাকায় নেমে এসেছে।

তামাকের অর্থনীতি: প্রেক্ষিত বাংলাদেশ *(...চলমান...)*

চিত্র ৫: সিগারেট ও বিড়ির মাথাপিছু ভোগ (মোট শলাকা), ১৯৯৭-২০১০



Source: Euromonitor, 2011; US Census Bureau; and authors' calculations

তামাকের অর্থনীতি: প্রধান বিষয়সমূহ

✓তামাকপন্থিরা বলেন তামাক থেকে অর্থনীতিতে যে সব লাভ হয় তা হল:

- কর্মসংস্থান
- রাজস্ব আহরণ
- বৈদেশিক মুদ্রা অর্জন
- তামাকের উৎপাদন কমলে অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে এবং তা দারিদ্র্য বাড়াবে


✓ কিন্তু, বাস্তবতা সম্পূর্ণ বিপরীত:

- বিশ্বের তামাক উৎপাদনকারী দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান ২০তম
- তামাক পাতা উৎপাদনকারী বিশ্বের শীর্ষ ২০টি দেশের উৎপাদিত মোট তামাক পাতার ০.৭% উৎপাদন করে বাংলাদেশ
- ১৯৮০ থেকে ২০১০ সালের মধ্যে তামাক উৎপাদনে ব্যবহৃত জমির পরিমাণ কমেছে এবং উৎপাদনের পরিমাণও কমেছে (তবে ২০১০ সালের পর থেকে এই প্রবণতা বৃদ্ধি পাচ্ছে)
- মোট জাতীয় উৎপাদনে তামাকজাত পণ্যের (tobacco manufacturing) অবদান মাত্র ১%
- মোট শ্রমশক্তির মাত্র ০.৫% তামাক চাষ ও তামাকজাত পণ্য উৎপাদনে নিয়োজিত
- বাংলাদেশ তামাক পণ্যের নিট আমদানিকারক দেশ

✓জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আহরিত মোট কর রাজস্বে তামাক শিল্পের অবদান ৯%

তামাকের অর্থনীতি: প্রধান বিষয়সমূহ *(...চলমান...)*

চিত্র ৬: তামাক চাষ - জমি ও উৎপাদন, ১৯৮০ -২০১০




Source: FAOSTAT, 2011

২০০৯-১০ সালের পর থেকে তামাক উৎপাদনের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ২০১৩ সালের হিসাব অনুযায়ী বর্তমানে ১৬৮,০০০ হেক্টর জমি তামাক চাষের আওতাভুক্ত, যা ১৯৮০ সালের তুলনায় ৪ গুন বেশি। আমরা কি উন্নত দেশের তামাক সরবরাহকারি দেশে রূপান্তরিত হচ্ছি? খাদ্য নিরাপত্তার কি হবে?

তামাকের অর্থনীতি: প্রধান বিষয়সমূহ *(...চলমান...)*

চিত্র ৭: তামাক পাতার আমদানি-রপ্তানি, ১৯৮০ -২০০৯



Source: FAOSTAT, 2011

রপ্তানির উর্দ্ধগামিতা প্রমাণ করে কেন হঠাৎ করে তামাক চাষ এতো বেড়ে গেলো।

তামাকের অর্থনীতি: প্রধান বিষয়সমূহ *(...চলমান...)*

সিগারেট ও বিড়ি উৎপাদন

- ✓ সিগারেট উৎপাদন অত্যন্ত কেন্দ্রীভূত (concentrated), অপরদিকে বিড়ি উৎপাদন অনেকটাই বিচ্ছিন্ন (fragmented)
- ✓ সিগারেটের বাজার মূলত দুটি প্রতিষ্ঠানের দখলে – বৃটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ (বিএটিবি, বহুজাতিক) এবং ঢাকা টোব্যাকো ইন্ডাষ্ট্রিজ (আকিজ গ্রুপের ডিটিআই)। ২০১০ সালে, বিএটিবির মার্কেট শেয়ার ছিল ৪৬% (বেশির ভাগই প্রিমিয়াম ব্র্যান্ড), ডিটিআই-এর ৪০% (অপেক্ষাকৃত স্বল্পমূল্যের ব্র্যান্ড)
- ✓ মোট বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান ৯,৬২৪ – (৯৬% বসতভিটা ভিত্তিক)। এদের মধ্যে শীর্ষস্থানীয় ৪টি প্রতিষ্ঠানের – আকিজ, আজিজ, আনসার, ও নাসির – আওতায় আছে মোট বাজারের প্রায় ৫০%

তামাকের অর্থনীতি: প্রধান বিষয়সমূহ (...চলমান...)

সারণি ২: সিগারেট কোম্পানীর মার্কেট শেয়ার, ২০০০-২০১০

কোম্পানী	২০০০	২০০২	২০০৪	২০০৬	২০০৮	২০১০
বিএটিবি	৫৫.০%	৫০.৪%	৫১.৬%	৫৪.০%	৪৫.৫%	৪৫.৮%
দেশে প্রস্তুত	৪৪.৭%	৪৯.৪%	৪৮.১%	৪৫.৭%	৫৪.৩%	৫৪.১%
আমদানিকৃত	০.৩%	০.২%	০.৩%	০.৩%	০.২%	০.১%

সূত্র: ইআরসি গ্রুপ, ২০১০

তামাকের অর্থনীতি: প্রধান বিষয়সমূহ *(...চলমান...)*

সারণি ৩: খানা জরিপ ২০০৯ অনুযায়ী ব্র্যান্ড ভিত্তিক সিগারেটের মার্কেট শেয়ার

ব্র্যান্ড	কোম্পানী	২০১০
স্টার	বিএটিবি	২৫.৬%
শেখ	ডিটিআই	১৮.৩%
নেভী	ডিটিআই	১৩.৭%
গোল্ড লিফ	বিএটিবি	১০.৩%
মারিস	একেটিসি	৮.৯%
অন্যান্য	----	২৩.২%

সূত্র: জিটিএসএস, ২০০৯

নোট: 'গ্লোবাল এডাল্ট টোব্যাকো সার্ভে'- তে প্রাপ্ত ধূমপায়ীদের সর্বশেষ ক্রয়কৃত সিগারেটের ব্র্যান্ড ভিত্তিক মতামত।

তামাকের অর্থনীতি: প্রধান বিষয়সমূহ *(...চলমান...)*

সারণি ৪: খানা জরিপ ২০০৯ অনুযায়ী বিড়ির ব্র্যান্ড ভিত্তিক মার্কেট শেয়ার

ব্র্যান্ড/ কোম্পানী	২০১০
আকিজ	২৯.১%
আজিজ	১০.৮%
আনসার	৪.৮%
নাসির	৪.৭%
অন্যান্য	৫০.৬%

সূত্র: জিটিএসএস, ২০০৯

নোট: 'গ্লোবাল এডাল্ট টোব্যাকো সার্ভে'- তে প্রাপ্ত ধূমপায়ীদের সর্বশেষ ক্রয়কৃত বিড়ির ব্র্যান্ড ভিত্তিক মতামত।

তামাকের ব্যবহারের অর্থনৈতিক লাভ-ক্ষতি (Benefit-cost)

- ✓ তামাকের ব্যবহারের সাথে দুই ধরনের **ক্ষতি** (ব্যয়/খরচ) (cost) সম্পর্কিত:

  ১. প্রত্যক্ষ ব্যয়/ক্ষতি **২. পরোক্ষ ব্যয়/ক্ষতি**

- ✓ **প্রত্যক্ষ ব্যয়/ক্ষতি** এর মধ্যে আছে:
  - ➢ নগদ ব্যয় যা খানার আয় থেকে করা হয়
  - ➢ সরকারী স্বাস্থ্য ব্যবস্থা যে ব্যয় বহন করে
- ✓ **পরোক্ষ ব্যয়/ক্ষতি** এর অর্ন্তগত হলো ধূমপায়ীদের অকালমৃত্যু ও প্রতিবন্ধিতার কারণে উদ্ভুত ক্ষতি/ব্যয়
- ✓ তামাক ব্যবহারের **লাভ (Benefits)** -এর সাথে সম্পর্কিত দিক:
  - ➢ তামাকজাত পণ্য থেকে প্রাপ্ত রাজস্ব আয়
  - ➢ তামাক সেক্টর থেকে প্রাপ্ত নিট মজুরী (কৃষি ও প্রক্রিয়াজাতকরণ শিল্প থেকে)

তামাকের ব্যবহারের অর্থনৈতিক লাভ-ক্ষতি (Benefit-cost) *(...চলমান...)*

- ✓ তামাকজাত পণ্যের ব্যবহারে বাংলাদেশে প্রতি বছর ৫৭,০০০ মানুষের মৃত্যু ঘটে – এদের প্রতি ৬ জনের মধ্যে ১ জনের বয়স ৩০ বছর ও তার বেশি
- ✓ ধুমপায়ীরা (সিগারেট ও বিড়ি) অধূমপায়ীদের চেয়ে ৬ থেকে ১০ বছর আগে মারা যান
- ✓ প্রতি বছর ধূমপানের কারণে যে সব রোগ হয়ে থাকে: ১২ লক্ষ মানুষের ফুসফুসে ক্যান্সার, সেরিব্রো ভাসক্যুলার ডিজিস, করোনারী আটারী ডিজিস, পালমোনারী ডিজিস এবং তামাকজাত পণ্যের ব্যবহার জনিত অন্যান্য রোগ
- ✓ *(২৫% মানুষ যারা তামাকের ব্যবহার জনিত রোগে আক্রান্ত হয়েছেন এবং চিকিৎসা নিতে হয়েছিল তাদের ভিত্তিতে প্রাপ্ত এক হিসাবে)* তামাকজাত পণ্যের ব্যবহারজনিত রোগের বাৎসরিক খরচ ৬ হাজার ৭৬০ কোটি টাকা; উৎপাদনশীলতা হারানোর খরচ ৮ হাজার ৩০ কোটি টাকা; মোট লাভ ৩ হাজার ৩৩০ কোটি টাকা; তামাক ব্যবহারের অর্থনৈতিক খরচ ১৪ হাজার ৭৭০ কোটি টাকা (জিডিপি-র ৩%-এর বেশি)। তামাকজাত পণ্য ব্যবহারের নীট সামাজিক ব্যয় ২ হাজার ৭৩০ কোটি টাকা।

তামাকের ব্যবহারের অর্থনৈতিক ক্ষতি-লাভ (Cost-benefits)

সারণি ৫: তামাক ব্যবহারের ক্ষতি-লাভ (Cost-benefits) বিলিয়ন টাকায়, ২০০৭-০৮ সাল

বিবরণ	তামাক ব্যবহারের কারণে সৃষ্ট রোগির শতকরা হার			
	২৫%	৫০%	৭৫%	১০০%
প্রত্যক্ষ ক্ষতি (খরচ/ব্যয়)	৬৭.৬	১০৬.০	১৪৫.৮	১৮৪.৪
স্বাস্থ্য সিস্টেমে ক্ষতি	২১.৬	৩৮.৩	৫৫.৫	৭২.০
নগদ ব্যয়/খরচ (Out-of-pocket cost)	৪৫.৮	৬৭.৭	৯০.৫	১১২.৪
পরোক্ষ ক্ষতি (খরচ/ব্যয়)	৮০.৩	৯৪.৩	১০৮.৬	১২২.৬
মৃত্যুর কারণে নিট মজুরী ক্ষতি	৪০.৬	৫৫.২	৭০.৪	৮৫.১
প্রতিবন্ধিতার কারণে বছরের মজুরী ক্ষতি	৩৯.৮	৩৮.৯	৩৮.৩	৩৭.৫
তামাক ব্যবহারজনিত রোগের কারণে সৃষ্ট সামাজিক ক্ষতি/খরচ	১৪৭.৭	২০০.২	২৫৪.৫	৩০৭.০
তামাকের ব্যবহারের কারণে সমাজের উপর আরোপিত প্রত্যক্ষ ক্ষতি/খরচ (৪১%)	৬০.৬	৮২.১	১০৪.৩	১২৫.৮
মোট লাভ (total benefit)	৩৩.৩	৩৩.৩	৩৩.৩	৩৩.৩
মোট রাজস্ব আদায়	২৭.৩	২৭.৩	২৭.৩	২৭.৩
নিট মজুরী উপার্জন	৬.০	৬.০	৬.০	৬.০
তামাক ব্যবহারের কারণে নিট সামাজিক আর্থিক ক্ষতি	২৭.৩	৪৮.৭	৭১.০	৯২.৫

Source: Acharya et al (2006)

তামাকের সামাজিক লাভ-ক্ষতির (Benefit-cost) বিবেচনা জরুরী

উন্নয়ন শুধু অর্থনৈতিক উন্নয়নের বিষয় নয়।

- ✓ উন্নয়নে মানুষের জীবনে ধনাত্মক রূপান্তর জরুরী।
- ✓ উন্নয়ন দীর্ঘস্থায়ী হয় যখন অর্থনৈতিক নীতিমালায় দীর্ঘমেয়াদি সামাজিক অভিঘাত দেখা হয়
- ✓ উন্নয়নের আসল অর্থ মানব উন্নয়ন (সুস্থ্য দীর্ঘ আয়ুস্কাল)
- ✓ উন্নয়ন হলো সমগ্র অর্থনৈতিক ও সামাজিক সিষ্টেমের পুর্নগঠন।

এসব বিচারে তামাকের অর্থনীতির সামাজিক লাভ-ক্ষতি দেখা জরুরী। আর ঐ সব লাভ-ক্ষতির অর্থমূল্য নিরূপন করতে হবে। হিসেব করতে হবে:

১. বন উজাড়ের ক্ষতি কত?
২. পরিবেশ-প্রতিবেশ বিপর্যয়ের ক্ষতি কত?
৩. খাদ্য নিরাপত্তা বিঘ্ন হবার ক্ষতি কত?
৪. কৃষি জমি বিনষ্টের ক্ষতি কত?
৫. পরোক্ষ ধূমপানের ক্ষতি কত?

বাংলাদেশে তামাক নিয়ন্ত্রণ আইন

আইন: এফসিটিসি, বিটিসিএ

- ✓ ২০০৩ সালে (WHO) প্রণীত ফ্রেমওয়ার্ক কনভেনশন অন টোব্যাকো কন্ট্রোল (এফসিটিসি)-তে তামাকজাত পণ্যের ব্যবহার কমানোর জন্য ব্যাপক নীতিমালা প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ রাষ্ট্র হিসেবে স্বাক্ষর প্রদান করেছে
- ✓ **ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫** প্রণয়ন করেছে
- ✓ **ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (Bangladesh Tobacco Control Act 2005) – যে সব বিষয় উল্লেখ করা হয়নি:**
  - ➢ তামাকজাত পণ্যের ব্যবহার কমানোর জন্য করারোপ
  - ➢ তামাকজাত পণ্যে ব্যবহার কমাতে পদক্ষেপ গ্রহণ
  - ➢ তামাক নির্ভরশীলতার পর্যাপ্ত প্রতিকার
  - ➢ সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের অংশগ্রহণ ও সচেতনতা বৃদ্ধি
  - ➢ তামাক নিয়ন্ত্রণে জেন্ডার ভিত্তিক বিধি-বিধান
- ✓ তামাক নিয়ন্ত্রণে এবং তামাকের ব্যবহার প্রতিরোধে এখন পর্যন্ত আমাদের কোনো শক্তিশালী জাতীয় প্রতিষ্ঠান নেই যার মাধ্যমে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশকৃত একটি সমন্বিত নীতিমালা – as part of MPOWER package (monitor, protect, offer, enforce, raise) – প্রণয়নের মাধ্যমে তামাক নিয়ন্ত্রণ ও প্রতিকার করা যায়।

তামাকের কর, মূল্য ও চাহিদা

- ✓ সিগারেটের ক্ষেত্রে মূল্যস্তর ভিত্তিক কর কাঠামো ভিন্ন ভিন্ন মূল্যস্তরের উপরে ভিন্ন ভিন্ন হারে শতাংশ হিসাবে (এড ভ্যালোরেম) কর ভ্যাট ও করারোপের জটিল ভিত্তি – তামাকজাত পণ্যের কর কাঠামো কে জটিল করে তুলেছে
- ✓ বিড়ির উপর ধার্য কর অত্যন্ত কম এবং তা কেবল সরকার নির্দিষ্ট কৃত্রিম ট্যারিফ ভ্যালুর উপর প্রযোজ্য

তামাকের কর, মূল্য ও চাহিদা *(...চলমান...)*

- ✓ গড়ে সিগারেটের খুচরা মূল্যের অর্ধেকের উপর একসাইজ ট্যাক্স প্রযোজ্য, অপরপক্ষে সিগারেটের উপর মোট কর বিক্রয় মূল্যের দুই-তৃতীয়াংশের উপর আরোপ করা হয়। এটা যেসব দেশ তামাকজাত পণ্যের নিয়ন্ত্রণে সমন্বিত পদক্ষেপ নিয়েছে সেই সব দেশের চাইতে কম। যেখানে এক্সসাইজ ট্যাক্স খুচরা মূল্যের ৭০% বা তার বেশি এবং মোট কর মোট খুচরা মূল্যের ৭৫% এর বেশি। ফলে পৃথিবীর মধ্যে বাংলাদেশে সিগারেটের মূল্য সবচেয়ে কম; বিড়ির ক্ষেত্রে তা আরো কম।

- ✓ সিগারেটের প্রকৃত মূল্য (মুদ্রাস্ফীতি সমন্বয় করলে) – সাম্প্রতিক বছর গুলোতে কমেছে। পাশাপাশি প্রকৃত আয় বৃদ্ধি পাচ্ছে, যে কারণে তামাকজাত পণ্য ক্রমাগত মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে আসছে।

তামাকের কর, মূল্য ও চাহিদা *(...চলমান...)*

সারণি ৬: সিগারেটের এক্সাইজ ট্যাক্সের হার, ২০০৭/০৮ - ২০১৩/১৪

মূল্যস্তর ব্র্যান্ড	২০০৭/০৮	২০০৮/০৯	২০০৯/১০	২০১০/১১	২০১১/১২	২০১২/১৩	২০১৩/১৪
Low	৬.০-৬.৯৯	৬.৫-৭.৫	৭.২৫-৮.৭৫	৮.৪-৯.১৫	১১.০-১১.৩	১২.১-১২.৪৩	১৪.০-১৪.২০
Tax	৩২%	৩২%	৩২%	৩৩%	৩৬%	৩৯%	৩৯%
Medium	১২.৫-১৩.৪৯	১৩.২৫-১৪.২৫	১৬.২৫-১৭.২৫	১৮.৪-১৯.০	২২.৫-২৩.০	২৪.৭৫-২৫.৩০	২৮.০-৩০.০
Tax	৫২%	৫২%	৫২%	৫৩%	৫৫%	৫৬%	৫৬%
High	১৯-২৬.৯	২১-২৮	২৩.২৫-২৯.২৫	২৭.০-৩২.০	৩২.০-৩৬.০	৩৫.২০-৩৯.৬০	৪২-৪৫
Tax	৫৫%	৫৫%	৫৫%	৫৬%	৫৮%	৫৯%	৫৯%
Premium	≥৩৫	≥৪১	≥৪৬.২৫	≥৫২	≥৬০	৬৬.০+	৮০.০+
Tax	৫৭%	৫৭%	৫৭%	৫৮%	৬০%	৬১%	৬১%

নোট: প্রতি ১০ টি শলাকার সিগারেটের প্যাকেট হিসাবে মূল্যস্তর নিরুপন করা হয়েছে। সর্বোচ্চ খুচরা মূল্যের উপর কর ধার্য করা হয়েছে।


তামাকের কর, মূল্য ও চাহিদা *(...চলমান...)*

সারণি ৭: বিড়ির উপর সম্পূরক শুল্ক হার, ২০১১-১২

ট্যারিফ ভ্যালু (টাকায়)	সম্পূরক ডিউটি (এক্সাইজ) হার	কার্যকর এক্সাইজ ট্যাক্স (টাকা)
বাড়িতে বানানো বিড়ি, আনফিল্টারড্		
প্রতি ৮ শলাকার প্যাকেটে, ১.০১০৫	২০%	০.২০
প্রতি ১২ শলাকার প্যাকেটে, ১.৫১৫৮	২০%	০.৩০
প্রতি ৮ শলাকার প্যাকেটে, ৩.১৫৭৯	২০%	০.৬৩
বাড়িতে বানানো বিড়ি, ফিল্টারড্		
প্রতি ৮ শলাকার প্যাকেটে, ১.০১০৫	২৫%	০.৪৩
প্রতি ৮ শলাকার প্যাকেটে, ১.০১০৫	২৫%	০.৮৬

তামাকের কর, মূল্য ও চাহিদা *(...চলমান...)*


চিত্র ৮: কয়েকটি নির্ধারিত ব্র্যান্ডের, প্রতি ১০ শলাকার প্যাকেটের উপর সিগারেটের মূল্য ও কর, ২০১২



Sources: Most popular brand in each category based on GTSS (2009) and ERC Group. Notes: Prices are assumed to be at the top end of each price slab for slabs A, B and C; Premium brand prices are assumed to be twice the minimum price for slab D, based on recent EIU price data.

তামাকের কর, মূল্য ও চাহিদা *(...চলমান...)*

চিত্র ৯: সিগারেটের প্রকৃত মূল্য (মুদ্রাস্ফীতি সমন্বয় করে) এবং মাথাপিছু সিগারেটের ভোগ, ১৯৯৫-২০১০



Sources: Euromonitor International, 2011; Economist Intelligence Unit, 2011; World Bank, 2011; and authors' calculations.

তামাকের কর, মূল্য ও চাহিদা *(...চলমান...)*


- ✓ তামাকের মূল্য ও ভোগ/ব্যবহারের মধ্যে সম্পর্ক বিপরীতধর্মী। অন্যান্য অবস্থা অপরিবর্তিত থাকলে এবং সিগারেট ও বিড়ির মূল্য হ্রাস পেলে ধূমপায়ীর সংখ্যা বাড়ে। অন্য দিকে, প্রকৃত মূল্য বৃদ্ধি পেলে ধূমপায়ীর সংখ্যা হ্রাস পায়

- ✓ বাংলাদেশে সিগারেটের ১০% গড় মূল্য বৃদ্ধি সিগারেট ভোগের হার গড়ে ৫% কমায়; বিড়ির ক্ষেত্রে গড়ে ১০% মূল্য বৃদ্ধি বিড়ি সেবনের হার প্রায় ৭% কমায়

- ✓ প্রকৃত আয় বৃদ্ধির কারণে বাংলাদেশে ধূমপায়ীর সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে যদি সংশ্লিষ্ট প্রতিকারের ব্যবস্থা না নেয়া হয়

তামাকের কর, মূল্য ও চাহিদা *(...চলমান...)*

চিত্র ১০: সিগারেট ক্রয়ের সংগতি এবং মাথাপিছু সিগারেট ভোগ , ১৯৯৭-২০১০




Sources: ERC Group, 2010; Economist Intelligence Unit, 2011; World Bank, 2011; and authors' calculations.

Note: The affordability index here is the ratio of pack prices to annual per capita income. Cigarettes are becoming less affordable as the affordability index rises and are becoming increasingly affordable as the affordability index falls.

তামাকের কর, মূল্য ও চাহিদা *(...চলমান...)*

চিত্র ১১: সবচেয়ে কম মূল্যের সর্বোচ্চ বিক্রিত ব্র্যান্ডের সিগারেটের মূল্য আর্ন্তজাতিক বাজারে এবং ডলারে (Purchasing Power Parity – adjusted), দক্ষিণ-পূর্ব এশিয়া, ২০১০



Source: WHO, 2011.

Notes: Prices are for a pack of 20 cigarettes. Data not reported/not available for: Democratic People's Republic of Korea. PPP not available for: Timor-Leste. It is illegal to sell cigarettes in Bhutan. Data for Bangladesh are based on Star and Sheikh brand prices rather than the prices reported by WHO. International dollars (or PPP-adjusted dollars) are used instead of conversions as the official exchange rate to enable better comparison: An international dollar has the same purchasing power as the U.S. dollar has in the United States.

তামাকের কর, মূল্য ও চাহিদা *(...চলমান...)*

চিত্র ৮: সিগারেট ও বিড়ির পরিমাপকৃত মূল্য স্থিতিস্থাপকতা **International Tobacco Control Policy Evaluation Project (ITC)** কর্তৃক বাংলাদেশে পরিচালিত জরিপ এ প্রাপ্ত চাহিদার ভিত্তিতে, ২০০৯ ও ২০১০

	2009		Pooled 2009 & 2010	
	Cigarettes	Bidis	Cigarettes	Bidis
Prevalence	–0.29***	–0.46*	–0.44***	0.03
Conditional Demand	–0.14***	–0.18	–0.22***	–0.22**
Total	–0.43	–0.64	–0.66	–0.22

Sources: Nargis, et al. (2010, 2011).

*Notes: ***, **, and * represent estimates statistically significant at the 1%, 5%, and 10% significance levels, respectively.*

নোট: চাহিদার পরিমানের পরিবর্তনে দামের পরিমাণের যে পরিবর্তন হয় তার ভিত্তিতে চাহিদার স্থিতিস্থাপকতা নিরুপন করা হয়। চাহিদার স্থিতিস্থাপকতার ঋণাত্বক হার (-০.৪৩ থেকে বৃদ্ধি পেয়ে -০.৬৬) দ্বারা বোঝা যায় যে, সিগারেটের মূল্য বৃদ্ধির ফলে তার চাহিদা হ্রাস পায় এবং এতে বিক্রয়ের পরিমান কমে। সিগারেটের চাহিদা তুলনামূলকভাবে কম স্থিতিস্থাপক। মোট মূল্য স্থিাতিস্থপকতা -০.৪৩% এবং -০.৬৬% থেকে বোঝা যায় যে, মূল্য ১% বৃদ্ধি পেলে ভোগের পরিমাণ ০.৪৩% ও ০.৬৬% হ্রাস পায়।

তামাকের উপর কর বৃদ্ধির অভিঘাত: জনস্বাস্থ্য ও রাজস্ব আদায়ের উপর

সিগারেটের ক্ষেত্রে মূল্যস্তর ভিত্তিক কর কাঠামো বাতিল করে সমহারে এক্সাইজ ট্যাক্স আরোপ হলে:

প্রতি ১০টি শলাকার সিগারেটের প্যাকেটের উপর ৩৪ টাকা একক কর আরোপ করা হলে

সম্ভাব্য ফলাফল

- সিগারেটের উপর এক্সাইজ ট্যাক্স ৭০% হবে (তাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশ মান্য হবে)
- সিগারেটের গড় মূল্য ১৩০% বৃদ্ধি পাবে
- সিগারেটের ভোগ ৬৬% হ্রাস পাবে
- প্রায় ৭০ লক্ষ ধূমপায়ী সিগারেট সেবন ছেড়ে দেবেন
- প্রায় ৭১ লক্ষ তরুণ ধূমপান শুরু করা থেকে বিরত থাকবেন
- প্রায় ৬০ লক্ষ অকালমৃত্যু রোধ করা যাবে। (বর্তমান ধূমপায়ীদের মধ্যে)
- সিগারেটের উপর নতুন কর আরোপের মাধ্যমে ১ হাজার ৫০০ কোটি টাকা অতিরিক্ত রাজস্ব আসবে

তামাকের উপর কর বৃদ্ধির অভিঘাত: জনস্বাস্থ্য ও রাজস্ব আদায়ের উপর *(...চলমান...)*

বিড়ির ক্ষেত্রে সমহারে নির্দিষ্ট এক্সাইজ ট্যাক্স আরোপের ফলে

বিড়ির ক্ষেত্রে প্রতি ২৫ শলাকার প্যাকেটের উপর ৪.৯ টাকা হারে কর আরোপ করা হলে (গড় খুচরা মূল্যের ৪০%) এবং প্রকৃত মূল্যের উপর ভ্যাট ধার্য করা হলে।

সম্ভাব্য ফলাফল

- প্রায় ৩৪ লক্ষ প্রাপ্ত বয়স্ক বিড়ি সেবনকারী বিড়ি সেবন ছেড়ে দেবেন
- প্রায় ৩৫ লক্ষ তরুণ নতুন করে বিড়ি সেবন শুরু করবেন না
- প্রায় ২৫ লক্ষ অকাল মৃত্যু রোধ করা সম্ভব হবে (বর্তমান জনসংখ্যার বিড়িসেবীদের মধ্যে)
- বিড়ির উপর নতুন কর আরোপের মাধ্যমে সরকার ৭২০কোটি টাকা অতিরিক্ত রাজস্ব আয় করবে

তামাকের উপর কর বৃদ্ধির ইতিবাচক ফলাফল

কর্মসংস্থান, দারিদ্র্যতা এবং অবৈধ ব্যবসার উপর কর ও মূল্যের ফলাফল

বিবেচ্য বিষয় সমূহ:

- ✓ ভোগ হ্রাস পেলে তামাক ব্যবহারের সুযোগ ব্যয় (opportunity cost) কমবে (ছেড়ে দেয়া প্রয়োজনীয় খাদ্য ও অন্যান্য ভোগ্যপণ্য) যার ভোগের পরিমাণ দরিদ্রদের মধ্যে বেশি
- ✓ ভোগ হ্রাস পেলে তামাক ব্যবহারের কারণে সমাজে নিট ক্ষতির পরিমান কমবে
- ✓ দরিদ্র্যরা হ্রাস পাওয়া নিট খরচের বড় অংশ পাবে (দারিদ্র্য হ্রাসের এটাও এক পদ্ধতি)
- ✓ অন্যান্য খাতে কর্মসংস্থান বাড়লে তামাকের উপর নির্ভরশীল কর্মসংস্থান কমবে।

সুপারিশ মালা

১. সিগারেটের উপর প্রচলিত জটিল মূল্যস্তর ব্যবস্থা তুলে দিতে হবে।
২. সবধরনের সিগারেটের উপর একই হারে সম্পূরক কর আরোপ করা হলে সিগারেটের মূল্য উল্লেখযোগ্য হারে বাড়বে এবং ধূমপানের হার কমবে।
৩. বিড়ির উপর উচ্চহারে একক সম্পূরক শুল্ক আরোপ করা হলে বিড়ির মূল্য উল্লেখযোগ্য হারে বাড়বে এবং বিড়ি সেবনের হার কমবে।
৪. সবধরনের তামাকজাত পণ্যের উপর সিগারেটের সম পরিমাণ কর আরোপ করতে হবে যা এসব দ্রব্যের ব্যবহার কমাবে।
৫. সকল তামাকজাত পণ্যের উপর কর এমন হারে বৃদ্ধি করতে হবে যাতে সম্পূরক শুল্কের পরিমাণ খুচরা মূল্যের কমপক্ষে ৭০% হয়।

সুপারিশ মালা *(...চলমান...)*

৬. প্রতি বছরে স্পেসিফিক এক্সাইজ ট্যাক্স এমন ভাবে সমন্বিত করা প্রয়োজন যাতে প্রকৃত মূল্য সবসময় কমপক্ষে একই থাকে।

৭. প্রতি বছর তামাকজাত পণ্যের উপর এক্সাইজ ট্যাক্স এমন ভাবে সমন্বয় করা দরকার যেন আয়ের সাথে একই হারে তামাকজাত পণ্যের মূল্যহার ঠিক থাকে।

৮. তামাকের কর ব্যবস্থাপনায় নিয়োজিত প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করতে হবে; আইনের প্রয়োগের উন্নয়ন ঘটাতে হবে; এবং কর ফাঁকি রোধে শুল্কমুক্ত তামাকজাত পণ্যের বিক্রয় বন্ধ করতে হবে।


৯. তামাক থেকে অর্জিত রাজস্ব আয়ের একটি অংশ জনস্বাস্থ্য ও শিক্ষার উন্নয়নসহ তামাক নিয়ন্ত্রণে ব্যয় করতে হবে।

তামাক কর: সকলের বিজয় (win-win-win-win)

- উল্লেখযোগ্য হারে ভোগ হ্রাস করবে
  - ✓ তরুণ ও দরিদ্রদের মধ্যে বেশী হ্রাস পাবে
- সরকারের রাজস্ব আয় স্বাভাবিকের চেয়ে বেশি বৃদ্ধি পাবে
- ক্রমাগত ও নিশ্চিতভাবে শিল্পের অধোগতি হবে
  - ✓ শিল্পের কিছু লোকসান হবে, কিন্তু জনস্বাস্থ্যের বিশাল বিজয় ঘটবে
- সরকারের জনপ্রিয়তা বৃদ্ধি পাবে
  - ✓ বাংলাদেশের ৮১% মানুষ তামাকের উপর উচ্চহারে করারোপের সমর্থক (গ্যাটস: ২০০৯)

সিগারেট এবং বিড়ি থেকে যে বাড়তি **২ হাজার ২২০** কোটি টাকা অতিরিক্ত রাজস্ব আয় হবে তা দিয়ে **১২ হাজার বিদ্যালয় এমপিও ভুক্ত** করা সম্ভব।

বিশ্ব তামাক মুক্ত দিবস ২০১৪



তামাকের উপর উচ্চ কর=

- কম ধূমপায়ী
- কম তামাকজাত পণ্যের ব্যবহারকারী
- কম মৃত্যু
- দীর্ঘ সুস্থ আয়ু
- সকলের নিশ্চিত সুস্বাস্থ্য


ধন্যবাদ